

তারিখ: ২২/১২/২০২৫ খ্রি.

১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ শ্লিপের মেধা তালিকায় ভর্তি বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ শ্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ২৪/১২/২০২৫ তারিখের মধ্যে ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও প্রিন্টকপি সংগ্রহ করতে হবে। পূরণকৃত ফরমের College Copy ও প্রয়োজনীয় কাগজপত্র নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে এবং Student's Copy নিজের কাছে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, ১ম রিলিজ শ্লিপের মেধা তালিকায় ভর্তিচ্ছু শিক্ষার্থী বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২৪/১২/২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।

শর্তাবলী:

১। ফি জমাদানের পদ্ধতি:

(ক) শিক্ষার্থীকে ২৪/১২/২০২৫ তারিখের মধ্যে নিম্নোক্ত User Name ও Password দিয়ে <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করে ভর্তি ও অন্যান্য ফি জমা দিবে।

User Name: rangamatistudent এবং Password: rangamatistudent

(খ) Education Management System এর Admission -এ গিয়ে Click for New Admission ক্লিক করার পর Select Group অপশন থেকে ভর্তিচ্ছু বিভাগ সিলেক্ট করতে হবে এবং Admission Roll এন্ট্রি দিয়ে Check for Admission ক্লিক করতে হবে। পরীক্ষাক্রমে চাহিত তথ্য সঠিকভাবে পূরণ করে Save বাটনে ক্লিক করলে ফিসহ আবেদন ফরম প্রদর্শিত হবে।

(গ) Session, Admission Roll এন্ট্রি দিয়ে Pay through Sonali Pay ব্যবহার করে যেকোন মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে শ্রেণির রোল নম্বর আসবে এবং শিক্ষার্থী/অভিভাবক এর মোবাইল নম্বরে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন সংক্রান্ত SMS যাবে।

(ঘ) সর্বশেষ Application Form Reprint এবং Print Receipts ক্লিক করে Admission Roll এন্ট্রি দিয়ে পূরণকৃত ভর্তি ফরম এবং Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

২। ভর্তি ফির পরিমাণ নিম্নরূপ:

বিভাগ	ইসলাম ধর্মাবলম্বীদের ক্ষেত্রে	অন্যান্য ধর্মাবলম্বীদের ক্ষেত্রে
বিএ/বিএসএস/বিবিএস (পাস) ১ম বর্ষ- ৭ পত্র বিশিষ্ট	৩,৫৮১/-	৩,৫৩১/-
বিএসসি (পাস) ১ম বর্ষ- ৭ পত্র বিশিষ্ট	৩,৭০৬/-	৩,৬৫৬/-

৩। নিম্নোক্ত কাগজপত্রাদি সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে-

বিভাগ	বিএ, বিএসএস, বিবিএস/বিএসসি (পাস) ১ম বর্ষ
জমাদানের তারিখ ও স্থান	২৪/১২/২০২৫, লাইব্রেরি ভবন

(ক) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট;

(খ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল প্রশংসাপত্র;


(গ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১ কপি;

(ঘ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ৩ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি- ১ কপি;

(ঙ) আবেদন ফরমের College Copy- ১ কপি;

(চ) নির্ধারিত ফি পরিশোধের Pay Slip- এর কপি;


(ছ) ১০" X ১৪" সাইজের খাম- ১টি (নাম, রোল নং, বিভাগ, ব্রাদ গ্রুপ, মোবাইল নম্বরসহ স্থায়ী ঠিকানাসহ)।


(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা



বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। আস্থায়ক, ডিগ্রী (পাস) ১ম বর্ষ ভর্তি কমিটি/২০২৪-২০২৫, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৫। হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৬। সংরক্ষণ নথি।